



বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
ও কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫

সূত্র- ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০১.১৯.১৪৭

তারিখঃ ০৮/১০/২০১৯

বিষয়ঃ পেট্রোবাংলা এবং সংস্থায়ী কোম্পানিসমূহের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতিঃ রনজিত কুমার সরকার, মহাব্যবস্থাপক (সংস্থাপন) ও সদস্য, পেট্রোবাংলা ইনোভেশন টিম।

সভার তারিখ ও সময়ঃ ২৯/০৯/২০১৯; বেলা ০২:৩০ টা

স্থানঃ কনফারেন্স রুম, পেট্রোবাংলা।

উপস্থিতিঃ তালিকা সংযুক্ত।

পেট্রোবাংলার ইনোভেশন অফিসার পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দাপ্তরিক ব্যস্ততার কারণে তাঁর সম্মতিক্রমে মহাব্যবস্থাপক (সংস্থাপন) ও সদস্য, পেট্রোবাংলা ইনোভেশন টিম সভাপতির আসন গ্রহণপূর্বক সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় পেট্রোবাংলা ও সংস্থায়ী কোম্পানিসমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনায় চিহ্নিত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন এবং ২০১৯-২০২০ অর্থবছরে পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের উদ্ভাবন প্রস্তাব সম্পর্কে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করতঃ নিম্নোক্ত সিদ্ধান্তাবলি গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	২০১৮-২০১৯ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনায় চিহ্নিত ৫টি বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন।	ক) মিটার গ্রাহকদের গ্যাস বিল প্রণয়ন সহজিকরণের লক্ষ্যে মোবাইল অ্যাপস তৈরি।	ক) মিটার গ্রাহকদের গ্যাস বিল প্রণয়ন সহজিকরণের লক্ষ্যে ডেভেলপকৃত Android মোবাইল অ্যাপস টিজিটিডিসিএল-এর মেট্রো-৪ অঞ্চলে পাইলটিং শুরু হয়েছে। আগামী ২মাস পাইলটিং কার্যক্রম চলবে। পরবর্তীতে অন্যান্য এলাকায় পাইলটিং করার বিষয়ে সভায় জানানো হয়।	ইনোভেশন অফিসার, টিজিটিডিসিএল
		খ) গ্যাস ও খনিজ সম্পদের উৎপাদন, ব্যবহার ইত্যাদি বিষয়ে দৈনিক পরিসংখ্যানিক তথ্যাদি অনলাইনে উপস্থাপন।	খ) বর্ণিত কার্যক্রম সম্পাদনের জন্য ওয়েবপোর্টাল ডেভেলপ করার কাজ সম্পন্ন হয়েছে। পূর্বের সংশ্লিষ্ট ডাটা মাইগ্রেশন এবং টেস্টিং কার্যক্রম চলমান রয়েছে। একইসাথে পেট্রোবাংলার চাহিদা মোতাবেক রিপোর্টিং টুলস প্রস্তুত করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়।	আইটি ডিপার্টমেন্ট, পেট্রোবাংলা
		গ) অনলাইনে সিএনজি বিল পরিশোধ ব্যবস্থা প্রবর্তন।	গ) সফটওয়্যার ও যাবতীয় হার্ডওয়্যার স্থাপন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।	ইনোভেশন অফিসার, আরপিজিসিএল
		ঘ) বিভাগ, ডিপার্টমেন্ট ও শাখার অবস্থান সম্বলিত ডিজিটাল বোর্ড স্থাপন।	ঘ) বোর্ড স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে।	সকল কোম্পানির ইনোভেশন অফিসারবৃন্দ
		ঙ) বিভাগভিত্তিক নথির শ্রেণি সুবিন্যস্তকরণ।	ঙ) নথির শ্রেণিবিন্যাস করা হচ্ছে।	সকল কোম্পানির ইনোভেশন অফিসারবৃন্দ

০২।	২০১৯-২০২০ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেটিভ প্রস্তাব উপস্থাপন।	<p>নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণ এবং দাপ্তরিক কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণার্থে সহজে বাস্তবায়নযোগ্য এবং TCV নিশ্চিত করা যাবে এরূপ উদ্ভাবন কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। পেট্রোবাংলা ও সংস্থাধীন কোম্পানিসমূহ হতে প্রাপ্ত প্রস্তাবসমূহের মধ্যে উল্লেখযোগ্য ৩টি প্রস্তাব নিম্নরূপঃ</p> <p>ক) টিজিটিডিসিএল- এর প্রস্তাবঃ</p> <p>বায়োমেট্রিক পদ্ধতিতে পেনশন উত্তোলন</p> <p>খ) বিজিডিসিএল- এর প্রস্তাবঃ</p> <p>ঠিকাদার ব্যবস্থাপনা সিস্টেম চালুকরণ।</p> <p>গ) আরপিজিসিএল- এর প্রস্তাবঃ</p> <p>আরপিজিসিএল- এর সিএনজি স্টেশনে যানবহন সনাক্তকরণ ও স্টিকার সিস্টেম প্রবর্তন।</p> <p>ঘ) পেট্রোবাংলা- এর প্রস্তাবঃ</p> <p>ডিজিটাল সভা ব্যবস্থাপনা প্রবর্তন।</p>	প্রস্তাবকারী সংশ্লিষ্ট কোম্পানিসমূহ আগামী সভায় বর্ণিত প্রস্তাব সংক্রান্ত Write-up, Flow Chart, Working Procedure ইত্যাদি উপস্থাপন করবে।	সংশ্লিষ্ট কোম্পানির ইনোভেশন টিম
০৩।	কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন।	নাগরিক সেবা প্রদান প্রক্রিয়ায় সক্ষমতা আনয়নে কর্মপরিকল্পনা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক ১দিন ও ২দিনের কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	কোম্পানিসমূহ স্ব- স্ব কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক ১দিন ও ২দিনের কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করবে।	সকল কোম্পানির ইনোভেশন অফিসারবৃন্দ

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(রনজিত কুমার সরকার)

মহাব্যবস্থাপক (সংস্থাপন)
ও সদস্য, পেট্রোবাংলা ইনোভেশন টিম

বিতরণঃ

১। পেট্রোবাংলা ও কোম্পানিসমূহের ইনোভেশন টিমের সদস্যবৃন্দঃ

অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক,

২। উপ- ব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা, ঢাকা।

৩। সহকারী ব্যবস্থাপক/পিএ-টু- পরিচালক (.....), পেট্রোবাংলা, ঢাকা

৪। অফিস কপি।

